সংবাদ

তারিখ 2 JUN 2010
পৃষ্ঠা ১ কলাম ৭

ad.com.bd

# বিএনপি জামায়াতের প্রতিষ্ঠান এমপিওভুক্ত : মামলার প্রস্তুতি নিচ্ছে বঞ্চিতরা

রাকিব উদ্দিন

প্রধানমন্ত্রী ও অর্থ মন্ত্রণালয়ের দিকনির্দেশনা এবং শিক্ষা উপদেষ্টা ড. আলাউদ্দিন আহমেদ প্রণীত নীতিমালা লংঘন করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির নতুন (রিভিউ) তালিকা প্রকাশ করায় চরম বিতর্ক উঠেছে। নতুন তালিকায় রহস্যজনক কারণে বিএনপি-জামায়াত নেতাদের কয়েকটি প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত হয়েছে বলেও সংশ্লিষ্টরা অভিযোগ করেছেন। মোটা অঙ্কের টাকার বিনিময়ে এমপিওভুক্তি করানোরও অভিযোগ উঠেছে। অনেকে শিক্ষা উপদেষ্টার অপসারণ দাবি করেছে। আগের তালিকা থেকে বাদপড়া ৯৮টি প্রতিষ্ঠানের কর্মকর্তারা এখন মামলা করার প্রস্তুতি নিচ্ছেন। এমপিওভুক্তি না হওয়ায় দেশের বিভিন্ন জেলায় শিক্ষক-কর্মচারীরা মানববন্ধন ও সড়ক অবরোধ করেছে। সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, নিজের প্রণীত এমপিও নীতিমালা অনুসরণ না করে কেবল মন্ত্রী ও সংসদ নিচ্ছে : পৃষ্ঠা : ১১ ক : ৩

## এমপিও তালিকা নিয়ে বিতর্ক চরমে

## শিবচরেই ১২টি এমপিওভুক্ত

প্রতিনিধি, শিবচর (মাদারীপুর)

মাদারীপুরের শিবচর উপজেলায় দুটি কলেজ, দুটি মাদ্রাসা ও আটটি স্কুলসহ মোট ১২টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত শিবচরেই : পৃষ্ঠা : ১১ ক : ২

## শিবচরেই : এমপিওভুক্ত

(১ম পৃষ্ঠার পর)

হয়েছে। শিবচর মাধ্যমিক অফিস সূত্রে জানা যায়, দুটি কলেজ হলো : দত্তপাড়া ইউনিয়নের ইলিয়াছ আহমেদ চৌধুরী কলেজ ও বহেরাতলা ইউনিয়নের সাহেরা নাসির ভোকেশনাল [illegible]ম ও কৃষি কলেজ। দুটি মাদ্রাসা হলো : কাদিরপুর ইউনিয়নের মানিকপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা ও আল-বায়তুল মামুর আলিম মাদ্রাসা ও বিএম কলেজ। আটটি স্কুল হলো : চরজানাজাত ইউনিয়নের চরজানাজাত ইলিয়াছ আহমেদ চৌধুরী উচ্চ বিদ্যালয়, পাচ্চর ইউনিয়নের পাচ্চর বালিকা উচ্চ বিদ্যালয়, কাঁঠালবাড়ি ইউনিয়নের চরচান্দ্রা নিম্নমাধ্যমিক বিদ্যালয়, নিলখী ইউনিয়নের নিলখী বন্দর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদবরচর ইউনিয়নের বাখরেরকান্দি আদর্শ উচ্চ বিদ্যালয়, দত্তপাড়া ইউনিয়নের সূর্যনগর মাহফুজা শিশাত নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বহেরাতলা ইউনিয়নের হাজী বাহের মৌলভী উচ্চ বিদ্যালয়, নিলখী ইউনিয়নের পূর্বকাকইর নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এমপিওভুক্ত হয়েছে।

## নিচ্ছে : বঞ্চিতরা

(১ম পৃষ্ঠার পর)

সদস্যদের ডিও লেটারকে (চাহিদাপত্র) প্রাধান্য দিয়ে ড. আলাউদ্দিন আহমেদ সোমবার বিকেলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের কাছে ১ হাজার ৪৮৩টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার তালিকা প্রদান করেন। তালিকা পাওয়ার পর শিক্ষামন্ত্রী ওইদিন, রাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর বিষয়ে সরকারি প্রজ্ঞাপন জারি করেন। এমপিও বঞ্চিত সরকারদলীয় প্রভাবশালী ১৫/২০ জন সংসদ সদস্য গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে এসে মন্ত্রীর কাছে এমপিওভুক্তি থেকে বঞ্চিত হওয়ার কারণ জানতে চান। তারা এমপিও তালিকা নিয়ে চরম বাণিজ্যের অভিযোগ করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের এক উর্ধ্বতন কর্মকর্তা জানান, এমপিওভুক্তির নতুন তালিকায় বিগত জোট সরকারের (বিএনপি) বিতর্কিত কর্মকর্তা শিমুল বিশ্বাসের বাবার নামে প্রতিষ্ঠিত (পাবনায়) 'আলহাজ ওয়াহেদ আলী বিশ্বাস কলেজিয়েট হাইস্কুল' অন্তর্ভুক্ত হয়েছে। যুদ্ধাপরাধী হিসেবে অভিযুক্ত জামায়াতে ইসলামীর সহকারী সাধারণ সম্পাদক কামারুজ্জামানের একান্ত পৃষ্ঠপোষকতায় পরিচালিত (শেরপুর-১ আসন) 'সাতবারী দাখিল মাদ্রাসা' এমপিওভুক্ত হয়েছে বলে সংশ্লিষ্টরা শিক্ষা মন্ত্রণালয়ে অভিযোগ করেছেন। প্রতিষ্ঠানটির প্রায় সব শিক্ষকই স্থানীয় জামায়াতের, রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট বলে জানা গেছে। এই প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত হওয়ায় স্থানীয় আওয়ামী লীগ নেতারা বিস্ময় প্রকাশ করেছেন।

এছাড়াও পটুয়াখালী জেলার 'গলাচিপা আইডিয়াল স্কুল'টি নতুন তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। এই প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ও ম্যানেজিং কমিটির সভাপতি হলেন জেলা জামায়াতের সাধারণ সম্পাদক অধ্যাপক শাহ আলম। জামায়াত নেতার স্কুলটি এমপিওভুক্ত হওয়ায় জেলা আওয়ামী লীগ নেতারা গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে এসে মন্ত্রীর কাছে ক্ষোভ প্রকাশ করেন।

পটুয়াখালী জেলা আওয়ামী লীগ নেতারা অভিযোগ করেন, স্থানীয় এমপি (গোলাম মওলা রনি) ১৫ লাখ টাকার বিনিময়ে জামায়াতের স্কুলটিকে এমপিওভুক্ত করিয়েছেন। তারা অবিলম্বে প্রতিষ্ঠানটির এমপিওভুক্তি বাতিল করার দাবি জানান।

পটুয়াখালী জেলা আওয়ামী লীগের আরেক প্রভাবশালী নেতা 'সংবাদ'কে জানান, বিএনপির কেন্দ্রীয় নেতা গোলাম মোস্তফার প্রতিষ্ঠান 'চর বিশ্বাস কে আলী কলেজ'কে এবার এমপিওভুক্ত করা হয়েছে। অথচ যোগ্যতা থাকা সত্ত্বেও সরকারদলীয় নেতাদের ডিও লেটারকে গুরুত্ব দেয়া হয়নি। তিনি অবিলম্বে ড. আলাউদ্দিন আহমেদের পদত্যাগ দাবি করেন।

এর আগে ১ হাজার ২২টি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির তালিকায় বিএনপি নেতার ১টি প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত হওয়া নিয়ে চরম বিতর্ক উঠলেও শিক্ষা উপদেষ্টা রিভিউ তালিকায় বিএনপি-জামায়াতের কয়েকটি প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করেছেন। এতে আওয়ামী লীগের নেতারা চরম ক্ষোভ ও দুঃখ প্রকাশ করেন। এদিকে সরকারদলীয় মহিলা সংসদ সদস্য আছমা জেরিন ঝুমু গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে এসে মন্ত্রীকে জানান, ১১ বছর আগে প্রতিষ্ঠিত লক্ষীপুর পৌর আইডিয়াল কলেজটি এমপিওভুক্তির সব শর্ত পূরণ করলেও রহস্যজনক কারণে এটিকে এমপিওভুক্ত করা হয়নি।

শিক্ষা উপদেষ্টার তার নিজের প্রণীত এমপিও নীতিমালাকে সংশোধন করতে শিক্ষামন্ত্রীকে পরামর্শ দিয়েছেন। 'জনসংখ্যার সম্পৃক্ত প্রাপ্যতা' বিষয়টি ভুলবশত নীতিমালায় অন্তর্ভুক্ত হয়েছিল বলে শিক্ষা উপদেষ্টা দাবি করেন। ৩১ মে শিক্ষামন্ত্রীকে দেয়া চিঠিতে ড. আলাউদ্দিন আহমেদ বলেছেন, 'নীতিমালার পরিশিষ্ট-ক-এর খ অংশটুকু (জনসংখ্যা সম্পৃক্ত প্রাপ্যতা) এমপিওভুক্তি নীতিমালায় না রাখার জন্য সুপারিশ করা হয়েছিল। ভুলবশত এই বিষয়টি এমপিওভুক্তির তালিকায় অন্তর্ভুক্ত হওয়ায় (পূর্বে বিষয়টি একাডেমিক স্বীকৃতির সঙ্গে সংশ্লিষ্ট ছিল) শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়েছে। তাই এবারের এমপিওভুক্ত প্রতিষ্ঠানের তালিকা প্রকাশের পূর্বেই উপরোল্লিখিত নীতিমালার পরিশিষ্ট-ক প্রত্যাহার/বাতিল করা আবশ্যক বলে আমি মনে করি।'

চিঠিতে উপদেষ্টা আরও বলেন, 'এমপিও তালিকা, ডিও লেটার ও সুপারিশ পর্যালোচনাতে আমার মনে হয়েছে, এমপিওভুক্তির জন্য প্রতিষ্ঠান সমূহের তালিকা জাতীয় সংসদের নির্বাচনী এলাকা কিংবা উপজেলাভিত্তিক নির্বাচিত না করলে জটিলতা থেকেই যাবে। তাই পুরো বিষয়টি সেই আলোকে সাজিয়ে নির্বাচিত জনপ্রতিনিধিদের মতামতকে গুরুত্ব দিয়ে এমপিওভুক্তি নীতিমালা অনুযায়ী সরকারের সঙ্গে আঞ্চলিক সামঞ্জস্য বিধান করার চেষ্টা করেছি।' শিক্ষা উপদেষ্টা চিঠিতে আরও বলেন, 'এমপিওভুক্তিকরণ ১ মে ২০১০ থেকে কার্যকর করা যেতে পারে'। এর আগে শিক্ষা উপদেষ্টা ১ জুলাই ২০০৯ থেকে এমপিওভুক্তিকরণ কার্যকর করার কথা বলেছিলেন। এমপিওভুক্তির নীতিমালা প্রণয়ন করতে বিলম্ব হওয়ায় শিক্ষামন্ত্রী বলেছিলেন চলতি বছরের ১ জানুয়ারি থেকে এমপিওভুক্তিকরণ কার্যকর করা হবে। কিন্তু উপদেষ্টা এখন নিজের প্রণীত নীতিমালা লংঘন করে ১ মে থেকে তা কার্যকর করার পরামর্শ দিয়েছেন। এতে ১ হাজার ৪৮৩টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা চার মাসের বেতন প্রাপ্তি থেকে বঞ্চিত হবেন।'

এমপিওভুক্তির রিভিউ তালিকা নিয়ে বিতর্ক ওঠায় গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের কাছে জানতে চাইলে তিনি এমপিও সংক্রান্ত বিষয়ে কিছু বলতে অস্বীকৃতি জানান। এর আগে গতকাল সকালে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষক সমিতি আয়োজিত সম্মেলনে শিক্ষামন্ত্রী বলেছেন, শিক্ষা উপদেষ্টা এমপিওভুক্তির যে তালিকা প্রকাশ করেছেন, তাতে নীতিমালা পূর্ণ অনুসরণ করা হয়নি। উপদেষ্টা আমাকে বলেছেন এমপিও নীতিমালা পরিবর্তন করা দরকার।

আমাদের নেত্রকোনা (পূর্বধলা) প্রতিনিধি জানান, পূর্বধলা উপজেলার জাড়িয়ার কলেজের এইচএসসি (বিএম) শাখা এমপিওভুক্তি না হওয়ায় প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীরা কলেজের সামনে পূর্বধলা-দুগলা সড়কে মানববন্ধন পালন করেন। কলেজের অধ্যক্ষ ও পূর্বধলা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা বলেন, তিনি আওয়ামী লীগের নেতা হওয়ায় বিগত চারদলীয় জোট সরকারের আমলে যোগ্যতা থাকা সত্ত্বেও প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত হয়নি।